

“রাজস্বের প্রবৃদ্ধি”



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা  
www.khulnavat.gov.bd

“টেকসই সমৃদ্ধি”



নথি নং-২য়/২১(৩)১-ইটি/৯০(অংশ-৫)/১৯-১৯

তারিখ : ২৯/০৫/২০২৩ খ্রিঃ।

**বিষয় :** অফিস সময়ের পরে আর্থসামাজিক উন্নয়ন ও সামাজিক কল্যাণমূলক প্রতিষ্ঠানে কাজ করার অনুমতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জনাব জি. এম. রহমত আলী, সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট, সদর দপ্তর, খুলনার ১৪.৫.২০২৩ খ্রিঃ তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে তাকে অফিস সময়ের পরে জামিয়া রাজিয়া ফাউন্ডেশন, হরিঢালি, পাইকগাছায় নিবাহী কমিটির (চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, কো-চেয়ারম্যান অথবা নিবাহী কমিটির সদস্য) হিসেবে নিম্নবর্ণিত শর্তে কাজ করার অনুমতি প্রদান করা হলো :

- (ক) প্রতিষ্ঠানটি রাজনীতিমুক্ত ও অলাভজনক প্রতিষ্ঠান হতে হবে;
- (খ) প্রতিষ্ঠানে দায়িত্বপালনকালীন সরকারী কাজে কোন বিঘ্ন সৃষ্টি করা যাবেনা;
- (গ) আর্থসামাজিক উন্নয়ন ও সামাজিক কল্যাণমূলক কাজ করার কারণে সরকারী দায়িত্ব পালনে অবহেলা করা যাবেনা;

০২। উপরোক্ত ‘ক’ থেকে ‘গ’-তে বর্ণিত শর্তসমূহ ভঙ্গ করলে কিংবা রাজনীতির সাথে সম্পৃক্ত হলে বা রাষ্ট্র বিরোধী কোন কার্যক্রম করলে এ আদেশ কর্তৃপক্ষ বাতিল করতে পারবে।

(মুহম্মদ জাকির হোসেন)

কমিশনার

ফোন : ০২-৪৭৭৭০২৭৩২

২৯/৫

জনাব জি. এম. রহমত আলী  
সহকারী রাজস্ব কর্মকর্তা  
কাস্টমস এক্সাইজ ও ভ্যাট, সদর দপ্তর, খুলনা।